উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩২৭তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১,
উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের আগস্ট/২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)	উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের ২০২১-২০২২ অর্থবছরের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের ০৪ গুণ অর্থের প্রকল্প গ্রহণ করে পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক খরচ করতে হবে। এ লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি উপজেলা পরিষদ পরিচালন ও উন্নয়ন তহবিলের আওতায় ৫ম পর্যায়ে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। এছাড়াও যে সকল ইউনিয়ন পরিষদ হতে এডিপি এর প্রকল্প তালিকা এখনো দাখিল করা হয়নি, সে সকল ইউনিয়ন হতে জরুরি ভিত্তিতে প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। তিনি আরো বলেন, উপজেলা মক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানের যে সকল স্থাপনা রয়েছে, সে সকল নিলামে বিক্রয়ের জন্য গত নিলাম ডাকে কাঙ্খিত মূল্য পাওয়া যায়নি। তাই তিনি স্থাপনাসমূহ বিক্রয়ের জন্য ২য় নিলামের প্রস্তাব করেন। এছাড়াও তিনি গত অর্থ বছরে জাইকার অর্থায়নে গৃহীত প্রকল্প দ্বারা নির্মিত বেঞ্চসমূহ আকারে ছোট হওয়ায় সেগুলো উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পরিবর্তে প্রাথমিক বিদ্যালয়ে প্রদানের প্রস্তাব করেন। তাছাড়া তিনি বলেন, উপজেলা পরিষদের শ্যামলী-২ ভবনের ০৩টি দরজা ও ০২টি জানালা (চৌকাঠসহ) নতুন স্থাপন করা হয়েছে। একাজে ২৪,৯০০/- টাকা ব্যয় হয়েছে। এছাড়াও উপজেলা পরিষদের গীতালি কোয়ার্টারের সিড়িঘর নির্মাণে ২৪,৫০০/- টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য অনুরোধ জানান।	১। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল দ্বারা বাস্তাবায়নের নিমিত্ত ইউপি চেয়ারম্যানবৃন্দ কর্তৃক জরুরি ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে। ২। উপজেলা পরিষদ পরিচালন ও উন্নয়ন তহবিলের আওতায় ৫ম পর্যায়ে বাস্তবায়নের নিমিত্ত সকল দপ্তর প্রধানগণ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ কর্তৃক জরুরি ভিত্তিতে প্রকল্প দাখিল করতে হবে। ৩। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানের স্থাপনাসমূহ ২য় নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। জাইকার অর্থায়নে নির্মিত বেঞ্চসমূহ প্রাথমিক বিদ্যালয়ে সরবরাহ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ৫। উপজেলা পরিষদের শ্যামলী-২ ও গীতালি কোয়ার্টারের সংস্কার ও মেরামতকরণ ব্যয় বাবদ সর্বমোট ৪৯,৪০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৪। সংশ্লিষ্ট সকল, বাজিতপুর।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান, চলতি সরিপ ২০২১-২২ মৌসুমে প্রায় ৭০৩০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ করা হয়েছে। পাট ও আউশ ধান কর্তন সমাপ্ত হয়েছে। মাঠের বর্তমান অবস্থা ভাল। তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে।	ফসল উৎপাদনের কৃষকদের সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	উপজেলা কৃষি অফিসার বাজিতপুর।

		ইমারজেন্সী স্বাভাবিক নিয়মে চলছে। কোভিড-১৯ কার্যক্রম, করোনা রোগীর লক্ষণ শনাক্তকরণ, RTPCR & Rapid antigen test নিয়মিতভাবে পরীক্ষা করা হচ্ছে। কোভিড-১৯ পজেটিভ হলে হোম আইসোলেশনে রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিন ১ম ও ২য় ডোজ মিলিয়ে প্রায় ৪০০-৫০০ জনকে টিকা দেওয়া হচ্ছে। ইতিপূর্বে ইউনিয়ন পর্যায়ে গণটিকা কার্যক্রমের আওতায় ১১টি ইউনিয়নের সাবেক ০১ নং ওয়ার্ডে মোট ৬৬০০ জনকে টিকা দেয়া হয়েছে। বাজিতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাকসিনের কোন স্বল্পতা নেই। তিনি আরো জানান ২৪.০৮.২০২১ পর্যন্ত এ উপজেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংখ্যা ১৫১ জন। বর্তমান অবস্থা আগের চেয়ে উন্নতির দিকে। উপজেলা পরিষদ পরিচালন ও উন্নয়ন তহবিলের অর্থায়নে সেন্ট্রাল অক্সিজেন প্ল্যান্ট বসানো হয়েছে। দ্রুত অক্সিজেন প্লান্ট/তরল অক্সিজেন সরবরাহ নিশ্চিত করা হবে।	অনুসারে নিয়মিতভাবে পরিচালনা করতে হবে। ২। হাসপাতালে দ্রুত প্লান্ট/তরল অক্সিজেন সরবরাহ নিশ্চিত করতে হবে।	অফিসার, বাজিতপুর।
০৪	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি তার দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাজিতপুর
০৫	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, দাপ্তরিক কাজ সুন্দরভাবে চলছে। তিনি বলেন, মৎস্য চাষীদের নিয়মিতভাবে পরামর্শ প্রদান করা হচ্ছে। আসন্ন শীত মৌসুমে মাছের রোগ বালাই বেড়ে যেতে পারে। তাই শীত মৌসুম আগমনের প্রাক্কালে শতাংশ প্রতি ০১ কেজি চুন ও ১ কেজি লবণ পুকুরে প্রদান করার জন্য চাষীদের পরামর্শ প্রদান করা হয়েছে।	মাছ চাষের বিষয়ে নিয়মিত মৎস্য চাষীদের পরামর্শ দিয়ে সহায়তা করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাজিতপুর।
০৬	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২১-২০২২ অর্থবছরে এ উপজেলায় শতভাগ যোগ্য বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানের লক্ষ্যে ভাতা প্রত্যাশী ব্যক্তিদের নিকট থেকে ১০.০৯.২০২১ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে হুমাইপুর ইউনিয়নে ১৯৩জন, দিলালপুর ইউনিয়নে ৪৮৪জন, বলিয়ারদি ইউনিয়নে ৬২৪জন, সরারচর ইউনিয়নে ৯৫০জন, হালিমপুর ইউনিয়নে ৫২৪জন, হিলচিয়া ইউনিয়নে ১০৩৪জন, দিঘিরপাড় ইউনিয়নে ৮১৭জন, পিরিজপুর ইউনিয়নে ১২০০জন, মাইজচর ইউনিয়নে ৪৯৯জন, গাজিরচর ইউনিয়নে ২০৩জন, কৈলাগ ইউনিয়নে ৫৩১ জন ও বাজিতপুর পৌরসভায় ১২৪৯ জন সর্বমোট ৮৩০৮জন বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশীর আবেদন পাওয়া গেছে। তিনি আরো জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানের লক্ষ্যে ভাতা প্রত্যাশীদের আবেদন সরকারি নির্দেশনা অনুযায়ী যাচাই বাছাইপূর্বক উপকারভোগী নির্বাচন করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার, বাজিতপুর
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান কোভিড-১৯ অতিমারি পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক গত ১২.০৯.২০২১ তারিখ হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ৩০টি শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হয়েছে। তার পূর্বে প্রতিষ্ঠানের কক্ষ, আঙ্গিনাসহ সকল আসবাবপত্র পরিষ্কার করা হয়েছে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে আলাদাভাবে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রাথমিকভাবে এসএসসি পরীক্ষার্থী ২১ এবং ২২ সপ্তাহে ০৬ দিন এবং অন্যান্য সাধারণ ক্লাশ সপ্তাহে ১দিন করে চালু আছে। চলতি সপ্তাহের শেষ দিন হয়তোবা শ্রেণি ঘন্টা আরো বাড়ানো হবে। বিষয়গুলো খুব নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। ৬ষ্ঠ শ্রেণির প্রকল্প ভিত্তিক শিখন : "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে জানি" ২১.০৯.২০২১ হতে শুরু হয়েছে। এই প্রকল্পের শিরোনাম "মুজিববর্ষে গাছ রোপন পরিবেশের সংরক্ষণ"। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের সমন্বয়ে ২০.০৯.২০২১ তারিখে সভা করা হয়েছে। সংশ্লিষ্ঠ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তাসহ সকল অভিভাবক এবং উপস্থিত সদস্যগনের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে জানান।	করোনা সংক্রমণকালে সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
০৮	উপজেলা শিক্ষা অফিসার	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্যবিধি মেনে ১২.০৯.২০২১ তারিখ হতে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের শিখন	সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর

<table>
<tr><td></td><td></td><td>ঘাটতি পূরণে শিখন ত্বরান্বিত কৌশল অনুসরণে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০২১ এর প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। তাছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভায় জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অক্টোবর/২০২১ মাসকে সরকার 'জাতীয় স্যানিটেশন মাস' হিসেবে ঘোষণা করেছেন। এ উপলক্ষে বাজিতপুর উপজেলায় জাতীয় স্যানিটেশন ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষে সকল কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট অনুরোধ জানান।</td><td>জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে উদযাপন করতে হবে।</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, বাজিতপুর উপজেলার অডিটযোগ্য সমবায় সমিতি সংখ্যা ১০৭টির মধ্যে বিগত মাস পর্যন্ত ২২টি সমবায় সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। সম্পাদনের হার ২১%। ২০২০-২০২১ অর্থবছরের অডিট ফি ২৮,৯৯০/- টাকা (আদায়ের হার ৫৯%) এবং সিডিএফ ৭,৩৮২/- টাকা (আদায়ের হার ৫০%)। চলতি অর্থ বছরের ৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের বাজেট ইতোমধ্যে পাওয়া গেছে। উক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ যথারীতি পরিচালনা করা হবে। চলতি অর্থ বছরে ১টি নতুন সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে ১২টি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ২টি সমিতির নির্বাচনী কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান।</td><td>বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিতম হচ্ছে। তিনি তার কার্যক্রমে অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫,৩৮,৮০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মূল ঋণ তহবিল</td><td>৭২,৮৮,৫১৭</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মূল ঋণ বিতরণ</td><td>৩,৪১,১৬,০০০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২,৭৫,৯৩,৯৩৩</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>আদায়ের হার</td><td>৮৯.৬%</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট খেলাপী ঋণ</td><td>২৪,২৫,৫২২</td><td>খেলাপী আদায় ২০,৩০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৯৬৪ জন</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>চলমান উপকারভোগীর সংখ্যা</td><td>২৯০ জন</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৪৪৭ জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬২৭২ জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মোট আত্মকর্মী সংখ্যা</td><td>৪৫১৭ জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>অনুমোদিত জনবল</td><td>০৭ জন</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>বিদ্যমান জনবল</td><td>০৫ জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ওএমএস কার্যক্রম চলমান রয়েছে এবং খাদ্যবান্ধব কর্মসূচি শুরু হয়েছে। তিনি দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>ওএমএস কার্যক্রম এবং খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের আগস্ট/২১ মাসের ভিজিডি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণের ১২তম ব্যাচের ভর্তি সংক্রান্ত অনলাইনের মাধ্যমে ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নম্বরে টাকা প্রেরণ করা হচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নতুন ভাতাভোগীর বরাদ্ধ পাওয়া গেছে। সেই অনুযায়ী প্রাথমিক যাচাই-বাচাইয়ের কাজ চলমান রয়েছে।
তিনি আরো বলেন, বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে ৩টি মামলা পাওয়া গেছে। এর মধ্যে দুইটি মামলার</td><td>১। খাদ্যশস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।
২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td></tr>
</table>

		তদন্ত কার্যক্রম সম্পূর্ণ হয়েছে। এছাড়া আগস্ট/২১ মাসে এ উপজেলায় বাল্য বিবাহের কোন সন্ধান পাওয়া যায়নি।	৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	
১৫	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	ইউডিএফ, বাজিতপুর সভায় জানান যে, ৪র্থ পর্যায়ে ০৬টি প্রশিক্ষণের মধ্যে ০৫টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০১টি প্রশিক্ষণ (১৫ দিন ব্যাপী) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অধীনে ২১.০৯.২০২১ তারিখ হতে শুরু হয়েছে। তিনি আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের কাজ প্রায় সমাপ্ত পর্যায়ে রয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহের নিমিত্ত ৪২৫ জোড়া বেঞ্চ তৈরীর কাজ চলছে। তিনি উক্ত বেঞ্চগুলো উপজেলা শিক্ষা অফিসের মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।	১। চলতি প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ২। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দ্রুত সময়ের মধ্যে সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের ব্যবস্থা করতে হবে। ৩। নির্মিত ব্যাঞ্চসমূহ উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিদ্যালয়ের চাহিদা সাপেক্ষে সরবরাহ নিশ্চিত করতে হবে।	১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর। ২। উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর
১৬	তথ্য আপা প্রকল্প	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ মাসে মাঠ পর্যায়ে ০২টি উঠান বৈঠক করার জন্য নির্দেশনা পাওয়া গিয়েছে। ডোর টু ডোর কার্যক্রম শুরু হয়েছে। লাল সবুজ ই-কমার্স প্লাটফরমের নারী উদ্যোক্তাদেও রেজিস্ট্রেশন ও পণ্য আপলোডের কার্যক্রম চলছে। তথ্য কেন্দ্রের কার্যক্রম চালু রয়েছে।	সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, বাজিতপুর।
১৭	আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ১৯.০৯.২০২১ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের হার ৩৭% এবং খেলাপী ঋণের হার ৫২%। খেলাপী ঋণ আদায়ে ক্র্যাশ প্রোগ্রাম করার পরিকল্পনা করা হচ্ছে। ঋণ আদায়ে প্রয়োজনে প্রশাসনের সহায়তা প্রত্যাশা করেন। তাছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও তিনি সভায় জানান।	খেলাপী ঋণ আদায়ে জোর তৎপরতা চালাতে হবে। আদায় বাড়াতে হবে। -	শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৮	বিবিধ	প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি মেরামত করতে ২৪,৮০০/- টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।	উপজেলা পরিষদ জীপগাড়ি মেরামত বাবদ ব্যয় ২৪,৮০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ২। প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, বাজিতপুর।

পরিশেষে সভাপতি বলেন যে, এ উপজেলাধীন প্রতিটি দপ্তরকে অত্যন্ত আন্তরিকতার সাথে জনগণকে তাদের প্রাপ্য সেবা প্রদান করতে হবে। তাছাড়াও তিনি সকল দপ্তরকে সমন্বয়ের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলনাহার
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪-

তারিখঃ ২২.০৯.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।

১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

২২.০৭.২১

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ